

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫২৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬৯. তাহজ্জুদের সময়কালীন দু'আ

بَابِ الدُّعَاءِ عِنْدَ التَّهَجُّدِ

## আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ حَسَّانَ حَدَّتَنَا سُفْيَانُ هُوَ ابْنُ عُيَيْنَةَ عَنْ سُلَيْمَانَ الْأَحُولِ عَنْ طَاوُسِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ كَانَ رَسُولُ النَّهِ صَلَّى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ يَتَهَجَّدُ مِنْ اللَّيْلِ قَالَ النَّهُ مَلْ الْمَمْدُ أَنْتَ نُورُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ قَيِّمُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ الْحَقُّ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ مَلِكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ أَنْتَ الْحَقُّ وَالْقَاوُكَ حَقِّ وَالْجَنَّةُ حَقُّ وَالْنَارُ حَقٌ وَالْبَعْثُ حَقٌ وَالنَّبِيُونَ وَقَوْلُكَ الْحَمْدُ الْحَقُ وَلَقَاوُكَ حَقٌ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَلَا لَيْهُ مَلَ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَمَا أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَلْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَعْلُكَ أَنْتَ الْمُوَعِدِّرُ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخْرُتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَسْرَرْتُ أَنْتَ الْمُقَدِّمُ وَأَنْتَ الْمُوَخِّرُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ وَلَا حَوْلُ وَلَا قُوْةَ إِلَّا بِكَ

## বাংলা

১৫২৪. ইবনু আব্বাস রাদিয়াল্লাভ্ আনভ্থ থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম রাতে তাহাজ্বদের উদ্দেশ্যে যখন দাঁড়াতেন, তখন দু'আয় বলতেন- "ইয়া আল্লাহ! আপনারই জন্যই সমস্ত প্রশংসা। আপনি আসমান যমীন এবং এ দু'য়ের মাঝে যা কিছু আছে সব কিছুর নূর। আর আপনারই জন্য সমস্ত প্রশংসা, আপনিই আসমানসমূহ, যমীন এবং এসবের মাঝে বিদ্যমান সব কিছুর ('কইয়ৣম') তত্ত্বাবধায়ক। আর আপনারই জন্য সমস্ত প্রশংসা, আপনি আসমান যমীন এবং তাদের মাঝে বিদ্যমান সব কিছুর মালিক। আপনিই চির সত্য। আপনার বাণী সত্য; আপনার ওয়াদা চির সত্য; আপনার সাক্ষাৎ সত্য; জাল্লাত সত্য; জাহাল্লাম সত্য; পুনুরুভ্খান সত্য; নবীগণ সত্য; মুহাম্মাদ (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম) সত্য। ইয়া আল্লাহ! আপনার কাছেই আমি আত্মসমর্পণ করলাম; আপনার প্রতি ঈমান আনলাম; আপনার উপরেই তাওয়াকুল (ভরসা) করালাম, আপনার দিকেই প্রত্যাবর্তন করলাম; আপনার (সম্ভষ্টির জন্যই) শক্রতায় লিপ্ত হলাম, আপনাকেই বিচারক মেনে নিলাম। তাই আপনি আমার পূর্বাপর ও প্রকাশ্য-গোপন সব অপরাধ ক্ষমা করুন। আপনিই অগ্র পশ্চাতের মালিক। আপনি ব্যতীত কোন ইলাহ্ নেই, আর আপনার শক্তি ও ক্ষমতা ব্যতীত আর কারো কোনো শক্তি ও ক্ষমতা নেই।"[1]



## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী (তাহাজ্জুদ) ১১২০; মুসলিম (সালাতুল মুসাফিরীন) ৭৬৯; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৪০৪ ও সহীহ ইবনু হিব্বান নং ২৫৯৭, ২৫৯৮, ২৫৯৯ ও মুসনাদুল হুমাইদী নং ৫০৩ তে। সেখানে আমাদের টীকা দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন